



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ/৯৯(০১)/

তারিখঃ

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

প্রাপক : অধ্যক্ষ
গোবিন্দপুর এ, এইচ, (আবু হানিফ) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
গোবিন্দপুর, শ্যামনগর, সাতক্ষীরা।

বিষয় : ব্যবসায় শিক্ষা বিভাগে আবশ্যিক বিষয় হিসেবে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ঐচ্ছিক বিষয় হিসেবে ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) অধ্যক্ষ মহোদয়ের ২১-০৮-২০১৩ তারিখের আবেদন।
খ) NCTB কর্তৃক প্রণীত সংশোধিত বিষয়কাঠামো সম্পর্কিত নির্দেশনাবলী।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনার কলেজে নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য ব্যবসায় শিক্ষা বিভাগে আবশ্যিক বিষয় হিসেবে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ হতে ঐচ্ছিক বিষয় হিসেবে ফিন্যান্স ব্যাংকিং ও বিমা বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তাদি :

- ১। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে পাঠদানের জন্য মার্কেটিং অথবা ইন্টারন্যাশনাল বিজনেস অথবা ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ২। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা বিষয়ের পাঠদানের জন্য ফিন্যান্স অথবা ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ৩। পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত স্ব-অর্থায়নে NTRCA সনদধারী শিক্ষক নিয়োগ এবং মহিলা কোটা শর্ত পূরণ করতে হবে।
- ৪। কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৫। পরীক্ষার পূর্বেই প্রতি বিষয়ে অনুমতি ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা জমা করে বিশেষ অনুমতি নিতে হবে।
- ৬। গ্রহণাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ৭। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

১৭/০৮/১৪

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং-ক/অ/৯৯(০১)/ ১১৮২ (৭)৪

তারিখঃ ১৪/০৮/১৪

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবলয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৫। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সংরক্ষণ নথি।

১৪/০৮/১৪
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

১৪/০৮/১৪